

PRINT

সমকাল

ডিকেটিই ও নর্দান ইউনিভার্সিটির মধ্যে চুক্তি

১১ ঘণ্টা আগে



নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ ও ভারতের ডিকেটিই সোসাইটিজ টেক্সটাইল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়েছে। গত রোববার নর্দান ইউনিভার্সিটিতে এ চুক্তি স্বাক্ষর হয়। এই চুক্তির ফলে নর্দান ও ডিকেটিই স্নাতক ও স্নাতকোত্তর বিভিন্ন প্রোগ্রাম, শিক্ষক ও শিক্ষার্থীদের প্রশিক্ষণ, শিক্ষার্থী বিনিময়সহ শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে কাজ করবে।

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু ইউসুফ মো. আবদুল্লাহ, উপাচার্য অধ্যাপক ড. আনোয়ার হোসেন, উপ-উপাচার্য অধ্যাপক ড. আনোয়ারুল করিম, আইটি বিভাগের পরিচালক সা'দ আল জাবির আবদুল্লাহ, রেজিস্ট্রার লেফটেন্যান্ট কর্নেল (অব.) একতেন্দার আহমেদ সিদ্দিকী, বাণিজ্য অনুষদের ডিন অধ্যাপক ড.

মোশাররফ এম হোসাইন, বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন এবং টেক্সটাইল বিভাগের প্রধান অধ্যাপক ড. ইঞ্জিনিয়ার মো. হুমায়ুন কবীর, ইইই বিভাগের প্রধান অধ্যাপক ড. মো. একরাম আলী শেখ, সিএসই বিভাগের প্রধান মো. রায়হান উল মাসুদ, ডিকেটিই সোসাইটিজ টেক্সটাইল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. ভি কে কাদোল, টেক্সটাইল বিভাগের প্রধান ও উপ-পরিচালক অধ্যাপক ড. ইউ জে পাতিল, টার্গেট অ্যান্ড প্লেসমেন্ট অফিসার এস বি আকিওয়াত উপস্থিত ছিলেন।

ডিকেটিই সোসাইটিজ টেক্সটাইল অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট ভারতের মহারাষ্ট্র প্রদেশের কল্হাপুর জেলায় অবস্থিত একটি স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠান। সংবাদ বিজ্ঞপ্তি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com